



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
সংস্থাপন শাখা



নম্বর: ৩৭.১১.৪০৪১.২০১.৩৫.০০১.২১.২৪৭

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০

২০ জুলাই ২০২৩

### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা সকাল ১০.০০ টায় চেয়ারম্যান মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৭-২০২৩

ড. বিশ্বাস শাহিন আহম্মদ

সচিব (চলতি দায়িত্ব)

ফোন: ০২৪৭৭৭৬২৭০১

ইমেইল:

secretary@jessoreboard.gov.bd

নম্বর: ৩৭.১১.৪০৪১.২০১.৩৫.০০১.২১.২৪৭/১(১৫)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০


২০ জুলাই ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২) সচিব (চলতি দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) উপ-পরিচালক (হিওনি), হিসাব বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) প্রধান মূল্যায়ন অফিসার (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) অডিট অফিসার, অডিট শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭) সহকারী প্রোগ্রামার, বিদ্যালয় শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮) উপ-সচিব, সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০) উপ-সহকারী প্রকৌশলী, তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ ও অনুসন্ধান শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১) সহকারী সচিব, একাডেমিক (বৃত্তি, পাঠ্যক্রম, নাম/বয়স সংশোধন) শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১২) সেকশন অফিসার (অতিরিক্ত দায়িত্ব), কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১৩) সেকশন অফিসার (চলতি দায়িত্ব), সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

১৪) সেকশন অফিসার (ভারপ্রাপ্ত), তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ ও অনুসন্ধান শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

১৫) স্টেনো টাইপিষ্ট, সংস্থাপন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



২০-৭-২০২৩

মো: মুজিবুল হক

সহকারী সচিব



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

### নৈতিকতা কমিটির ১ম সভা : ২০২৩-২৪

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর -এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অদ্য ২৩-০৭-২০২৩ খ্রি. সকাল ১০:০০ টায় চেয়ারম্যান মহোদয়ের সভা কক্ষে বোর্ডের নৈতিকতা কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বোর্ডের মাননীয় চেয়ারম্যান ও নৈতিকতা কমিটির টিম প্রধান প্রফেসর ড. মোঃ আহসান হাবীব। সভায় বোর্ডের নিম্ন বর্ণিত কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন-

- ২। ড. বিশ্বাস শাহিন আহম্মদ, (সচিব চলতি দায়িত্ব)- সদস্য
- ৩। ড. বিশ্বাস শাহিন আহম্মদ, পরীক্ষা নিয়ন্ত্রক- সদস্য
- ৪। জনাব ড. এএসএম রফিকুর রহমান, উপ পরিচালক হিসাব ও নিরীক্ষা- (ফোকাল পয়েন্ট)
- ৫। জনাব মোঃ নিয়ামত এলাহী, প্রধান মূল্যায়ন অফিসার (ভারপ্রাপ্ত)-সদস্য
- ৬। জনাব মোঃ আব্দুল করিম, অডিট অফিসার-সদস্য
- ৭। জনাব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরী, সহকারী প্রোগ্রামার-১ (বিকল্প ফোকাল পয়েন্ট)
- ৮। জনাব জাহানার খাতুন, উপসচিব, প্রশাসন-সদস্য (অনুপস্থিত)
- ৯। জনাব মোঃ রেজাউল ইসলাম, সহকারী সচিব একাডেমিক-সদস্য
- ১০। জনাব মোঃ কামাল হোসেন, উপসহকারী প্রকৌশলী-সদস্য
- ১১। জনাব মোঃ আব্দুল মান্নান সেকশন অফিসার (চলতি দায়িত্ব) ও সিবিএ সভাপতি-সদস্য
- ১২। জনাব মোহাম্মদ রাফিক হাসান সেকশন অফিসার(চলতি দায়িত্ব) ও সিবিএ সাধারণ সম্পাদক-সদস্য

নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	মন্তব্য
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	বিগত ২২-২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন দেয়া হয়।	অনুমোদিত
২	১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	সিদ্ধান্ত ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে বোর্ডে নাম ও বয়স সংশোধন কমিটির নিকট সাক্ষাতকারের জন্য আগত সেবাগ্রহীতাগণকে নিয়ে একটি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৩	১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সিদ্ধান্ত ১.৪ বোর্ডের ২৫ জন কর্মচারীকে আগস্ট মাসের শেষ সপ্তাহে কম্পিউটার ল্যাবে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	
৪	১.৫ বোর্ডের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে বোর্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি	সিদ্ধান্ত ১.৫ ক) বোর্ডের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে চেয়ারম্যান মহোদয়ের বারান্দার কলাপসুয়াল গেইট অপসারণ করে কম্পিউটার কেন্দ্রের বারান্দায় প্রতিস্থাপন ও তৎসংলগ্ন ২য় তলা, ৩য় তলা ও নিচতলার টয়লেট সম্পূর্ণ নতুনভাবে আধুনিক ফিটিংস সমৃদ্ধ মেরামত করার জন্য তহাবধান ও রক্ষণাবেক্ষণ শাখাকে দায়িত্ব অর্পন করা হয়। এবং খ) ২০২৩-২৪ অর্থবছরে ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
৫	২.১ ২০২৩-২৪ অর্থ বছরের নিজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	সিদ্ধান্ত ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের নিজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা এপিএ নির্দেশিকা ২০২৩-২৪ অনুযায়ী ৩১/০৭/২০২৩ খ্রি. এর মধ্যে প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	

৬	২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (নিজস্ব বাজেটের)	সিদ্ধান্ত ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করে ত্রৈমাসিক ভিত্তিতে ক্রমপুঞ্জীভূত অর্জন শতকরা হিসেবে প্রমাণক প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। রিপোর্ট প্যানেল প্রস্তুতের জন্য হিসাব প্রদান শাখা ও কম্পিউটার শাখার সহকারী প্রোগ্রামার-২ কে দায়িত্ব অর্পণ করা হয়।	
৭	২.৩ বাজেট বাস্তবায়ন	সিদ্ধান্ত ২.৩ বার্ষিক বাজেট যথাযথ বাস্তবায়ন করে ত্রৈমাসিক ভিত্তিতে ক্রমপুঞ্জীভূত অর্জন শতকরা হিসেবে প্রমাণক প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। রিপোর্ট প্রদানের জন্য ও প্যানেল প্রস্তুতের জন্য যথাক্রমে হিসাব প্রদান শাখা, কমন সার্ভিস ও স্টোর শাখা, তত্তাবধান ও রক্ষণাবেক্ষণ শাখা এবং কম্পিউটার শাখাকে দায়িত্ব অর্পণ করা হয়।	
৮	৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	সিদ্ধান্ত ৩.১ ক) এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। বিদ্যমান ৪টি গাড়ীর মধ্যে মাইক্রোবাসটি (নম্বর প্লেট ঢাকা মেট্রো-চ ৫১-৫৪৩৬) কনডেম অবস্থায় রয়েছে যার পরিবর্তে নতুন একটি মিনিবাস (এসি) দিনাজপুর শিক্ষা বোর্ডের অনুরূপ ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। খ) সচিব মহোদয়ের ব্যবহারের নম্বর প্লেট- যশোর-ঘ ১১০০-২০ পাজেরোটিকে এসিযুক্ত ও রঙ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	
৯	৩.২ কমিটি কর্তৃক বোর্ডের বিভিন্ন শাখা পরিদর্শন	সিদ্ধান্ত ৩.২ রেকর্ড সংশোধন শাখাটিকে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	
১০	৩.৩ গৃহীত অগ্রিম সমন্বয় করা	সিদ্ধান্ত ৩.৩ জনাব মো: রেজাউল ইসলাম তীর নামে কিছু অগ্রিম ভুলবশত যুক্ত আছে মর্মে সভাকে অবহিত করলে চেয়ারম্যান মহোদয় কার কার নামে কয়টি অগ্রিম আছে সেটির তালিকা প্রকাশের বিষয়ে নির্দেশ প্রদান করেন।	
১১	৩.৪ হয়রানি ও দুর্নীতি রোধকল্পে কর্মশালা আয়োজন	সিদ্ধান্ত ৩.৪ ক) একাডেমিক শাখার নাম ও বয়স সংশোধন সংক্রান্ত সেবা গ্রহীতাদের কিছু অভিযোগের কথা তুলে ধরা হলে শাখার কার্যক্রম আরও গতিশীল করার তাগিদ দেয়া হয়। অনুরোধ ব্যতীত আইডি নিষ্পত্তির ব্যাপারে একাডেমিক শাখার সকলের সহযোগিতা কামনা করা হয়। খ) আগামী ০৬/০৯/২০২৩ খ্রি. হয়রানি ও দুর্নীতি রোধকল্পে একটি কর্মশালা আয়োজনের ও একজন গেস্ট স্পিকার কে আমন্ত্রণ জানানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	
১২	বিবিধ ইপ্রেস্ট ক্যাশ ৫০০/- হতে ৫০০০/- বৃদ্ধি	সিদ্ধান্ত আগামী অর্থ কমিটির সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সচিব মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*আহসান হাবিব*  
২৩/৭/২৩

প্রফেসর ড. মো: আহসান হাবিব

টিম প্রধান, নৈতিকতা কমিটি ২০২৩-২৪

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর